



ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯
ফোনঃ ৮৮০-২-৭৭৮৯৪৫৮, ৭৭৮৯২৮৯; ফ্যাক্সঃ ৮৮০-২-৭৭৮৯৬৩৬
Website: www.nib.gov.bd

স্মারক: ৩৯.০৬.২৬৭২.০০১.২২.০০২.১৬/ ৩৪ ৫

২'রা ফাল্গুন ১৪২৪

১৪ ফেব্রুয়ারি ২০১৮

পুনঃফেলোশিপ বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ অর্থ বছরে “এনআইবি রিসার্চ ফেলোশিপ” এর আওতায় জীবপ্রযুক্তি বিষয়ে উচ্চতর গবেষণার জন্য পোস্ট ডক্টরাল ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফর্মে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রী।
- (২) স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় নূন্যতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।
- (৩) প্রার্থীর পিএইচডি পর্যায়ে স্বীকৃত দেশি/ বিদেশি জার্নালে First author হিসেবে কমপক্ষে একটি (১) বৈজ্ঞানিক নিবন্ধ থাকতে হবে।
- (৪) আবেদন জমাদানের শেষ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৪০ বছর হতে হবে।
- (৫) নির্বাচিত প্রার্থীকে সাকুল্যে মাসিক ৩০০০০/- টাকা ভাতাসহ বাৎসরিক দুইটি উৎসব বোনাস বাবদ ৬০০০০/- টাকা প্রদান করা হবে।
- (৬) মনোনীত প্রার্থীদের প্রাথমিকভাবে ১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সম্পর্কে এনআইবি কর্তৃক গঠিত এতদসংক্রান্ত মূল্যায়ন কমিটির সুপারিশ এবং বোর্ডের অনুমোদন সাপেক্ষে পর্যায়ক্রমে আরো দুই বছর বৃদ্ধি করা যেতে পারে।
- (৭) আবেদনপত্র ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর ওয়েবসাইট (www.nib.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে।
- (৮) এনআইবি'র লক্ষ্য ও উদ্দেশ্য এবং চলমান গবেষণা কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ একটি প্রকল্প প্রস্তাব আবেদনপত্রের সাথে নির্ধারিত ফর্মে সংযুক্ত করতে হবে।
- (৯) শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশীট/গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি, সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, মহাপরিচালক, উত্তরা ব্যাংক এইআরই-ইপিজেড শাখার অনুকূলে ৩০০ (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার সহ পূরণকৃত আবেদনপত্র আগামী ১২-০৩-২০১৮ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না।
- (১০) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- (১১) সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে মনোনীত এবং চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর ওয়েবসাইট (www.nib.gov.bd) থেকে জানা যাবে।
- (১৩) কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন/পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করেন।


১৪/০২/২০১৮

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

E-mail: dgnibbd@gmail.com